গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৭/২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ।

সভাপতি ঃ জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি
সভার তারিখ ঃ ৩১/০৭/২০১৬ খ্রিঃ
সভার সময় ঃ সকাল ১০.০০ টা।
সভার স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "পরিশিষ্ট ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। যুগ্মসচিব (প্রশাসন) এর অনুপস্থিতিতে সভাপতির অনুরোধে উপসচিব (প্রশাসন-১) গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং এতে কারো কোন আপত্তি না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	**National ICT Policy-2009-এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ** ঃ সকল সংস্থা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিয়মিত অগ্রগতি প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। সচিব সবাইকে নিয়মিত ই-মেইল ব্যবহার এবং ই-মেইল এর যোগাযোগ আরও বাড়ানোর পরামর্শ প্রদান করেন। আওতাধীন সংস্থাসমূহের প্রধানগণ নিয়মিত সচিব-কে ই-মেইল প্রদান করবেন। প্রতি সপ্তাহের যে কোন ১ দিন ১ ঘন্টা ব্যাপী কম্পিউটারের মৌলিক বিষয়ের উপর মন্ত্রণালয়ে প্রশিক্ষণ আয়োজন এবং তথ্য প্রযুক্তি ব্যবহারে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন।	National ICT Policy-2009 এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রতি মাসের ৩ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে ই-মেইল ও ডাকযোগে প্রেরণ করতে হবে। সংস্থার কর্মকর্তাবৃন্দ নিয়মিত সচিব-কে ই-মেইল করাসহ কোন বিষয়ে যাচিত প্রতিবেদন বা তথ্য ই-মেইলে প্রদান করবেন। এছাড়া মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাগণ নিয়মিত ই-মেইল ব্যবহার করবেন এবং মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার ও আইসিটি স্পেশালিস্ট কম্পিউটারের উপর সপ্তাহের যে কোন একটি দিন ১ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।	যুগ্ম-সচিব (সকল)/ উপসচিব(সকল) / সিনি:সহ:সচিব (সকল)/ সহকারী সচিব (সকল)/সিনিঃসহঃ প্রধান, সহকারী প্রোগ্রামার এবং এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার কর্মকর্তাবৃন্দ।
২।	**মন্ত্রণালয়ের ওয়েব সাইট** ঃ এ মন্ত্রণালয়ের ওয়েব সাইট আধুনিকায়ন এবং তথ্য-ভান্ডার সমৃদ্ধকরণের কার্যক্রম চলমান রয়েছে বলে উপসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। সকল সংস্থার হালনাগাদকৃত ওয়েবসাইট এ সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করার সিদ্ধান্ত থাকলেও তা বাস্তবায়ন না হওয়ায় সচিব অসন্তোষ প্রকাশ করেন। মন্ত্রণালয় এবং সংস্থাগুলোর ওয়েব সাইট প্রতি মাসের যে কোন ১দিন পরিদর্শন করা হবে। পত্রাদি নিয়মিত ডাকযোগে প্রেরণের পাশাপাশি ই-মেইলে প্রদান এবং নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করার উপর গুরুত্বারোপ করা হয়। সচিব সকল কর্মকর্তাদের নিয়মিত ই-মেইল চেক করতে অনুরোধ করেন এবং যাচিত তথ্যাদির পত্রাদি দ্রুতসময়ের মধ্যে নিষ্পত্তির জন্য তথ্য প্রেরণ করার পরামর্শ প্রদান করেন।	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সংস্থাগুলোর ওয়েবসাইট হালনাগাদ করে আগামী সমন্বয় সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করতে হবে এবং সহকারী প্রোগ্রামার এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। মন্ত্রণালয়ের বিভিন্ন সভা, কর্মশালা ও অন্যান্য বিষয়ক তথ্য ওয়েব-সাইটে প্রকাশের জন্য নোটিশের একটি কপি সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট বরাবর প্রেরণ করতে হবে। এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সচিব এর বিভিন্ন প্রকল্পের উদ্বোধন, অন্যান্য কর্মকর্তাগণের তিন পার্বত্য জেলার বিভিন্ন প্রকল্প পরিদর্শন ও এ সংক্রান্ত প্রতিবেদনের ছবি Caption সহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। প্রতিমাসের সমন্বয় সভায় মন্ত্রণালয়ের Website প্রজেক্টরের মাধ্যমে	যুগ্ম-সচিব (প্রশাসন) / উপসচিব (সকল) /তথ্য কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার/ আইসিটি স্পেশালিষ্ট এবং মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

		উপস্থাপনের ব্যবস্থা রাখতে হবে যাতে করে Website এর কোন তথ্য সংযোজন, বিয়োজন বা Website এর উন্নয়নে উপস্থিত কর্মকর্তাগণ মতামত রাখতে পারেন। সহকারী প্রোগ্রামার ও আইসিটি স্পেশালিস্ট সভা শুরুর পূর্বেই এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি নিবেন।	
৩।	**জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর প্রসংগে ঃ** জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর বিষয়ে গত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নোক্ত অগ্রগতি হয়েছে মর্মে উপসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেনঃ		
	(১) রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবার পার্বত্য জেলার মাধ্যমিক শিক্ষা বিভাগ এবং খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষকে হস্তান্তরিত চুক্তি অনুযায়ী পার্বত্য জেলা পরিষদের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে নির্দেশনা দেয়ার জন্য ১৭/৭/২০১৬ তারিখ পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।	১) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) / সিনি:সহ:সচিব (পরিষদ-১)/ চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ।
	(২) তিন পার্বত্য জেলায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর আওতাধীন অফিসসমূহ তিন পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য লক্ষ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ে ১৭/৭/২০১৬ তারিখ পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।	২) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) / সিনি:সহ:সচিব (পরিষদ-১)/ চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ।
	(৩) সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন জেলা সড়কসমূহ তিন পার্বত্য জেলা পরিষদের অনুকূলে হস্তান্তরের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর স্বাক্ষরে যোগাযোগ মন্ত্রণালয় বরাবর গত ১৭/৭/২০১৬ তারিখ পুণরায় পত্র প্রেরণ করা হয়েছে।	৩) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) / সিনি:সহ:সচিব (পরিষদ-১)/ চেয়ারম্যান, তিন পার্বত্য জেলা পরিষদ।
	(৪) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এবং তিন পার্বত্য জেলা পরিষদের মধ্যে গত ২৮/৮/২০১৪ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং চুক্তি কার্যকর করার জন্য ঐ মন্ত্রণালয় বরাবর গত ১৭/৭/২০১৬ তারিখ পুণরায় পত্র দেয়া হয়েছে।	৪) কাঙ্খিত ফলাফল অর্জন না করা পর্যন্ত কার্যক্রম চলমান রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ)
	(৫) বর্তমান সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসাবে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি বাস্তবায়ন ও হস্তান্তরিত বিভাগ/দপ্তরসমূহের বরাদ্দকৃত বাজেটের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করণ এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের বরাদ্দ প্রদান, কর্মকর্তা/কর্মচারীদের প্রেষণ, বদলি ও পদায়নের বিষয়ে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য গত ২৩/০৮/২০১৫ তারিখে হস্তান্তরিত সকল মন্ত্রণালয়/বিভাগে পত্র এবং গত ২৭/১০/২০১৫ তারিখে হস্তান্তরিত ১৩টি মন্ত্রণালয়ের সচিবদের নিকট এ মন্ত্রণালয় পুনঃ তাগিদপত্র প্রেরণ করেছে।	৫) কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত পত্র লিখা ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ)
	তিন পার্বত্য জেলা পরিষদসমূহে হস্তান্তরিত বিভাগের কার্যক্রমের এখতিয়ার কতটুকু জেলা পরিষদের হাতে ন্যস্ত আছে তার সার-সংক্ষেপ তৈরি করে আগামী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ের (পরিষদ-১ শাখায়) প্রেরণের জন্য সচিব তিন পার্বত্য জেলার মুখ্য নির্বাহী কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।	নির্ধারিত সময়ের পূর্বে হস্তান্তরিত বিভাগের কার্যক্রমের তালিকার সার-সংক্ষেপ তৈরি করে মন্ত্রণালয়ের পরিষদ-১ শাখায় প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) ও মুখ্য নির্বাহী কর্মকর্তাবৃন্দ, তিন পার্বত্য জেলা পরিষদ
	তিন পার্বত্য জেলার হস্তান্তরিত বিভাগসমূহে কর্মরত ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাগণকে নিজ নিজ জেলার অভ্যন্তরে বদলীর বিষয়ে সভায় আলোচনা হয়।	১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাগণকে নিজ নিজ জেলার অভ্যন্তরে বদলীর ক্ষমতা তিন পার্বত্য জেলা পরিষদকে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ করতে হবে।	যুগ্ম-সচিব (পরিষদ) ও মুখ্য নির্বাহী কর্মকর্তাবৃন্দ, তিন পার্বত্য জেলা পরিষদ